# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-২৩৩৩৪

তারিখ: ১২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: (১) বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান, (২) বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও (৩) মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে বিদ্যালয় বন্ধ থাকা প্রসঙ্গে।**

শিশুশ্রেণি থেকে ১২শ শ্রেণি পর্যন্ত সম্মানিত অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে,

১। ৬৯তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান আগামী ২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ বুধবার সকাল ১০:৩০ মিনিটে বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদেরকে সকাল ৯:৩০ মিনিটের মধ্যে নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো। বিদ্যালয়ের অন্যান্য শিক্ষার্থীরাও উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত।

২। ৬৯তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে স্বেচ্ছাসেবক, স্কাউটস, বাদকদল এবং ডিসপ্লেতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে ২৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ বুধবার সকাল ৯:০০ টার মধ্যে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

৩। ৬৯তম বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান আগামী ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার দুপুর ১২:০০ টায় বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। বিভিন্ন ইভেন্টে বিজয়ী শিক্ষার্থীদেরকে সকাল ১১:০০ টার মধ্যে নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে বিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য বলা হলো। বিদ্যালয়ের অন্যান্য শিক্ষার্থীরাও উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত।

৪। পুরস্কার বিতরণ অনুষ্ঠান উপলক্ষ্যে আগামী ২৮ ও ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। তবে একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা রুটিন অনুসারে যথারীতি অনুষ্ঠিত হবে এবং দ্বাদশ শ্রেণির ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য নির্বাচনি পরীক্ষা - ২০২৬ এর ব্যবহারিক পরীক্ষা দুপুর ১২:০০ টার পরিবর্তে একই দিন সকাল ৯:০০ টায় শুরু হবে।

৫। ১০ম শ্রেণি (এসএসসি-২০২৬)'র ২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ বৃহস্পতিবারের বিশেষ অনুশীলন পরীক্ষা স্থগিত করা হলো।

৬। ০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ রবিবার মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে শ্রেণি ও অফিস কার্যক্রম বন্ধ থাকবে।

৭। ০২ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ সোমবার থেকে শিশুশ্রেণি থেকে ১০ম শ্রেণির শ্রেণিকার্যক্রম ও বিদ্যালয়ের অফিস কার্যক্রম যথারীতি চলবে।

২৬/০১/২০২৬

মুহাম্মদ আরিফুর রহমান

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

মুহাম্মদ আরিফুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১। সমন্বয়কারীবৃন্দ: (১) (২) (৩) (৪)

২। অফিস কপি (প্রশাসন)

৩। নোটিশ বোর্ড

৪। ওয়েবসাইট (www.udayan.edu.bd)